২০ বছর পর সালমানের কাছে ফিরে এলেন এই নায়িকা!

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: ১৯৯৭ সালে‘জুড়য়া’য় বলিউডের ভাইজানখ্যাত সালমান খানের সঙ্গে অভিনয় করেছিলেন রম্ভা। এরপর ১৯৯৮ সালে ‘বন্ধন’ ছবিতে জুটি বেঁধেছিলেন তারা। এরপর একসঙ্গে আর দেখা মেলেনি তাদের। খবর এবেলার।

সালমান খান এখনও স্বমহিমায় বিরাজ করছেন বলিউডপাড়ায়। ‘জুড়য়া’য় অভিনয় করা আরেক নায়িকা কারিশমা কাপুর অভিনয় জগৎ থেকে খানিক দূরে থাকলেও, লাইমলাইটে রয়েছেন। সেদিক থেকে বলতে গেলে বলিউড থেকে যেন একেবারে বিদায় নিয়েছেন রম্ভা।

আর তার সঙ্গেই হঠাৎ দেখা হয়ে গেল ভাইজানের সঙ্গে। স্বাভাবিকভাবেই বেজায় খুশি হন দুই তারকাই। এবং সেই সংক্রান্ত বেশ কয়েকটি ছবিও নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে পোস্ট করেছেন রম্ভা।

ভারতীয় সংবাদ মাধ্যমের এক প্রতিবেদন অনুযায়ী, সালমান খান ও বেশ কয়েকজন বলি তারকা ‘দাবাং-২’ করছেন বর্তমানে। এবং এই মুহূর্তে তারা রয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রে। আর সেখানেই সালমান খানের সঙ্গে দেখা করতে আসেন রম্ভা।

স্বামী ইন্দ্রকুমার পাঠমন্থন ও মেয়ে লানিয়াকে সঙ্গে নিয়েই রম্ভা গিয়েছিলেন সালমানের সঙ্গে দেখা করতে।

প্রসঙ্গত, ‘জুড়য়ার’পরে‘বন্ধন’ছবিতেই জুটি বেঁধেছিলেন সালমান ও রম্ভা। এরপর একসঙ্গে আর দেখা যায়নি এ জুটিকে।

নিউজবিডি৭১/আর/১১ জুলাই, ২০১৮